



Department of  
Education  
Chancellor David C. Banks

25 মে, 2022

প্রিয় পরিবারবর্গ,

আজ আবারও আমাদেরকে শিক্ষক ও শিক্ষার্থীদের নৃশংস ও নারকীয়ভাবে হত্যা করার মতো হন্দয়বিদারক ঘটনা প্রত্যক্ষ করতে হলো। বিগত কয়েক বছর ধৰত আমরা অনেক কিছু সহ্য করেছি এবং আমাদের স্কুল কমিউনিটিগুলো এসব অনাকাঙ্ক্ষিত কঠিন পরিস্থিতি মোকাবেলায় অসম্ভব হৈরের পরিচয় দিয়েছে। যা নিয়ে তাদের দুশ্চিন্তা করার কথা নয়, সেটা হলো তাদের নিজেদের ক্লাসে আপ্লেয়ান্স-সংশ্লিষ্ট সহিংসার হুমকি মোকাবেলা করা। প্রতিদিন সকালে সন্তানদের স্কুলে দিয়ে আসার পর কোনো পিতামাতারই সন্তানদের নিরাপত্তা নিয়ে দুশ্চিন্তা করতে হবে না। কোনো ক্লাসরুমের দরজা বা স্কুল ভবনের দরজা সারা দিনব্যাপী খোলা রাখতে কোনো শিক্ষক বা প্রিসিপ্যালকে ভীত হওয়ার কারণ নেই। কোনো ছেলেমেয়েরই তাদের নিহত বন্ধু ও সহপাঠীদের জন্য শোকের প্রদীপ প্রজ্বলনের কথা নয়।

এই সময়টিতে জরুরি কাজ হলো, সবাইকে একতাৰূপ করা এবং সেই কাজটি করা, যা আমাদের সিটি ভালোভাবে করতে জানে: পরস্পরকে সহায়তা করা। স্কুল কর্মীদের সবাই সহায়তা ও সমর্থন প্রদান করতে আগ্রহী এবং সক্ষম। আপনার সন্তানকে স্মরণ করিয়ে দেবেন যে, তার স্কুল একটি নিরাপদ স্থান এবং তাকে উৎসাহিত করুন তাদের অনুভূতি নিয়ে কথা বলতে। আমরা যাতে যথাযথ সহায়তা দিতে পারি, সেজন্য অনুগ্রহ করে আপনার সন্তানের উদ্বেগের কথা স্কুল স্টাফদের কারও কাছে জানাতে দিখা করবেন না।

আমি পুনরায় আশ্বাস দিতে চাই যে, আমরা স্কুল কমিউনিটির সকল সদস্য প্রতিটি দিনই নিরাপত্তা নিয়ে সজাগ থাকি। আমাদের কমিউনিটির উপর প্রভাব রাখতে পারে, এমন ঘটনার সময় NYC ডিপার্টমেন্ট অভ এডুকেশন সহায়তালাভের ও তথ্য বিনিময়ের জন্য নিউ ইয়র্ক পুলিশ ডিপার্টমেন্ট এবং সিটির বিভিন্ন এজেন্সির সাথে ঘনিষ্ঠভাবে কাজ করা অব্যাহত রাখবে। নিউ ইয়র্ক সিটির সকল পাবলিক স্কুল আমাদের ছেলেমেয়েদের সব সময়, বিশেষভাবে জরুরি পরিস্থিতিকালে সুরক্ষিত রাখার লক্ষ্যে তৈরি কঠোর নিরাপত্তার নিয়ম মেনে চলে। আমরা ছেলেমেয়েদের সুরক্ষিত রাখতে যে নিয়মগুলো মেনে চলি, সেগুলো দেখতে পাবেন আমাদের [schools.nyc.gov/school-life/safe-schools/emergency-readiness](http://schools.nyc.gov/school-life/safe-schools/emergency-readiness) ওয়েবসাইটে।

অনুগ্রহ করে নিশ্চিত করবেন যে জরুরি পরিস্থিতিতে আপনার পরিবারের সাথে যোগাযোগের সর্বসাম্প্রতিক তথ্য আপনার স্কুলে দেয়া আছে। তাছাড়াও, জরুরি অবস্থার সময় সর্বসাম্প্রতিক তথ্য পাওয়া নিশ্চিত করতে 'নোটিফাই NYC'-তে ([a858-nycnotify.nyc.gov](http://a858-nycnotify.nyc.gov)) রেজিস্টার করতে পারেন এবং একটি NYC স্কুলস অ্যাকাউন্ট ([schoolsaccount.nyc](http://schoolsaccount.nyc)) খুলতে পারেন।

আমাদের শিক্ষার্থীদের স্বাস্থ্য ও সুরক্ষা অব্যাহতভাবে আমাদের সর্বোচ্চ প্রাধান্য হিসেবে থাকবে এবং এই কঠিন সময়ে সহায়তা দিতে আমরা পাশে থাকবো।

উচ্চ প্রত্যাশাসহ,

ডেভিড সি. ব্যাংকস (David C. Banks)  
চ্যান্সেলর